গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
উন্নয়ন-৩ শাখা
www.shed.gov.bd

স্মারক নং : ৩৭.০০.০০০০.০৮৩.১৪.২২২.২০২৩-৫৫৫

তারিখ : ০৩ পৌষ ১৪৩২ / ১৮ ডিসেম্বর ২০২৫

বিষয় : "পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন (২য় পর্যায়)- ১ম সংশোধিত" শীর্ষক প্রকল্পের আওতায় বিদ্যমান ব্যায়ামাগারের মেরামত ও সংস্কার কাজ (ছাত্রীদের জন্য) এবং পৃথক নতুন ব্যায়ামাগার নির্মাণ (ছাত্রদের জন্য) কাজের সংশোধিত প্রাক্কলন অনুমোদন।

সূত্র: স্মারক নং: পবিপ্রবি/প্রকল্প পরিচালক/এফডিপি (২য় পর্যায়)-১ম সংশোধিত/২০২৫-২৬/১৭২২; তারিখ: ১৯/১১/২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, "পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন (২য় পর্যায়)-১ম সংশোধিত" শীর্ষক প্রকল্পের আওতায় বিদ্যমান ব্যায়ামাগরের মেরামত ও সংস্কার কাজ (ছাত্রীদের জন্য) এবং পৃথক নতুন ব্যায়ামাগার (ছাত্রদের জন্য) নির্মাণ কাজ সম্পাদনের জন্য গত ২২.০৬.২০২৩ খ্রি. তারিখে M/S MME-AME (JV) কে ৮,০৮,৩৭,৮৯৩.৯৫৬ টাকার কার্যাদেশ দেয়া হয়। বর্তমানে উক্ত কাজটি চলমান এবং আরডিপিপিতে তার জন্য ৯৭৬.৪৯ লক্ষ্য টাকার সংস্থান রয়েছে। বর্ণিত ভেরিয়েশন প্রস্তাবটি পর্যালোচনান্তে নিম্নোক্ত তথ্য/প্রমাণকের ঘাটতি পরিলক্ষিত হয়:

ক) মূল ডিপিপি একনেক সভায় অনুমোদনের তারিখসহ প্রশাসনিক আদেশের কপি;
খ) সংশোধিত ডিপিপি একনেক সভায় তারিখসহ প্রশাসনিক আদেশের কপি;
গ) চুক্তিপত্র ও BOQ এর স্বাক্ষরিত কপি;
ঘ) পিপিআর-২০০৮ এর বিধি ৭৮ অনুযায়ী ক্রয়কারী কর্তৃক ভেরিয়েশন অর্ডার জারির কপি;
ঙ) পিপিআর-২০০৮ এর বিধি ৭৯(১) অনুযায়ী ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক ক্রয়কারীর নিকট ভেরিয়েশন অর্ডারের দাবি উপস্থাপনের কপি;
চ) পিপিআর-২০০৮ এর বিধি ৮০(১) অনুযায়ী ভেরিয়েশন আইটেমসমূহের একক দর নির্ধারণের পদ্ধতি সম্পর্কে ক্রয়কারীর প্রত্যয়ন;
ছ) ভেরিয়েশনের সুস্পস্ট কারণ (পিপিআর-২০০৮ এর বিধি ৭৮ আলোকে) ও সংশ্লিষ্ট অন্যান্য তথ্য উল্লেখপুর্বক ক্রয়কারী কর্তৃক ভেরিয়েশন প্রতিবেদন এবং পিপিআর ২০০৮ এর বিধি ৭৯(২)(ক) অনুযায়ী ভেরিয়েশন বিবরণী প্রণয়ন;
জ) দরপত্র বহির্ভূত নতুন আইটেম অন্তর্ভুক্তির বিষয়ে ভেরিয়েশন প্রস্তাবের পূর্বানুমতির প্রমানক;
ঝ) দরপত্রভুক্ত যে সকল আইটেমের কাজ হ্রাসের প্রস্তাব করা হয়েছে তার তালিকা, কাজের পরিমাণ হ্রাস পাওয়ার যথার্থ কারণ ও মোট হ্রাসকৃত মূল্য;
ঞ) দরপত্রভুক্ত যে সকল আইটেমের কাজ বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে তার তালিকা, কাজের পরিমাণ বৃদ্ধি পাওয়ার যথার্থ কারণ ও মোট বর্ধিত মূল্য;
ট) দরপত্র বর্হিভূত যে সকল আইটেম অন্তর্ভুক্তি প্রস্তাব করা হয়েছে তার তালিকা, অন্তর্ভুক্তির যথার্থ কারণ ও মোট মূল্য;
ঠ) প্রস্তাবিত ভেরিয়েশনের কারণে মূল চুক্তি মূল্যের হ্রাস/বৃদ্ধির পরিমাণ;
ড) সংস্থা প্রধানের মতামত ও সুপারিশ;
ঢ) প্রস্তাবিত ভেরিয়েশনে প্রত্যাশী সংস্থা/মন্ত্রণালয়ের সম্মতিপত্র গ্রহণের প্রমাণক;
ণ) ভেরিয়েশন এর ক্ষেত্রে Non-Tender Item-সমূহ মূল দরপত্র সিডিউলে অন্তর্ভুক্ত না করার যৌক্তিক কারণ;
ত) নন-টেন্ডার আইটেমসমূহ কেন নতুনভাবে দরপত্র আহবানের মাধ্যমে কার্যকর করা সম্ভব নয় তার যৌক্তিকতা;
থ) সকল ড্রয়িং (যেমন: স্থাপত্য, কাঠামোগত, প্লাম্বিং, Electrical, Electro-mechanical)।

০২। এমতাবস্থায়, "পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন (২য় পর্যায়)-১ম সংশোধিত" শীর্ষক প্রকল্পের ভেরিয়েশন প্রস্তাবের অনুমোদনের নিমিত্ত বিষয়ে উল্লিখিত তথ্যাবলী জরুরি ভিত্তিতে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৮/১২/২০২৫

এ এস এম শাহরিয়ার জাহান
উপসচিব
ফোন- ০২৫৫১০১১০৪
ইমেইল: ds_dev3@moedu.gov.bd

উপাচার্য
পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
পটুয়াখালী

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রকল্প পরিচালক, "পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন (২য় পর্যায়)-১ম সংশোধিত")" শীর্ষক প্রকল্প।

২। উপদেষ্টার একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৫। অফিস কপি।